

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ জুনুবী অবস্থায় ভোর হয়ে গেলে সেদিন সিয়াম রাখার বৈধতা প্রসঙ্গে বর্ণনা

ذِكْنُ إِبَاحَةِ صَوْمِ الْمَرْءِ - إِذَا أُصِبَحَ وَهُوَ جُنُبُ - ذَلِكَ الْيَوْمَ

## আরবী

3487 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ هَاجِكِ الْعَابِدُ بِهَرَاةَ قَالَ: حَدَّتَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَعْمَرٍ أَنَّ أَبَا يُونُسَ مَوْلَى عَائِشَةَ: أَخْبَرَهُ عَنْ عَائِشَةَ: أَنَّ رَجُلًا جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم يَسْتَفْتِيهِ ـ وَهِيَ تسمعُ من وراء عَائِشَةَ: أَنَّ رَجُلًا جَاءَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم يَسْتَفْتِيهِ ـ وَهِيَ تسمعُ من وراء الباب ـ فقال: يارسول اللَّهِ تُدرِكُني الصَّلَاةُ وَأَنَا جُنُبٌ أَفَأَصُومُ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (وأنا تُدركُنِي الصَّلَاةُ وَأَنَا جُنُبٌ فَأَصُومُ) فَقَالَ: لَسْتَ مثلنا يارسول اللّهِ غَفَرَ اللَّهُ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ قَالَ: (وَاللَّهِ إِنِّي لَأَرْجُو أَنْ أَكُونَ أَخْشَاكُمْ لِلّهَ وَأَعْلَى كُمْ بِمَا أَتَّقِي).

الراوي: عائشة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3487 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2067): م.

## বাংলা

৩৪৮৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে ফাতাওয়ার জন্য আসেন আর তিনি দরজার পেছন থেকে শুনছিলেন। বেদুইন ব্যক্তি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার জুনুবী অবস্থায় সালাতের সময় হয়ে যায়, আমি কি সেদিন সিয়াম রাখতে পারবাে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমারাে কোন কোন সময় জুনুবী অবস্থায় সালাতের সময় হয়ে যায়, তারপর আমি সিয়াম রাখি।" তখন সেই ব্যক্তি বলেন, "নিশ্চয়ই আপনি তাে আমাদের মতাে না। আল্লাহ আপনার পুর্বাপর সমস্ত গােনাহ ক্ষমা করে দিয়েছেন।" তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই আমি আশা করি যে, আমি তােমাদের মাঝে সবচেয়ে বেশি আল্লাহকে ভয় করি এবং



আল্লাহকে ভয় করার ব্যাপারে তোমাদের মাঝে সবচেয়ে বেশি অবগত।"[1]

## ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/২৮৯; মুসনাদ আহমাদ: ৬/৬৭; ইমাম শাফেঈ: ১/২৫৮; আবূ দাউদ: ২৩৮৯; তাহাবী, শারহু মাআনিল আসার: ২/১০৬; সুনান বাইহাকী: ৪/২১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন